সমকাল

তারিখ 25 JAN 2017
পৃষ্ঠা 2

# উচ্ছেদ হয়েছে স্কুলের সামনের অবৈধ দোকান

■ সমকাল প্রতিবেদক

পুরান ঢাকার বাংলাবাজার বালিকা উচ্চ বিদ্যালয়ের সামনের রাস্তায় দা-বঁটির দোকান উচ্ছেদ হয়েছে। তবে উচ্ছেদ হতে না হতেই সরু ওই গলির একাংশে এনে রাখা হয়েছে নির্মাণাধীন একটি ভবনের বালু।

উল্লেখ্য, 'শিক্ষা প্রতিষ্ঠান ঘিরে অবৈধ স্ট্যান্ড ও দোকানপাট' শিরোনামে গত ২১ জানুয়ারি দৈনিক সমকালে সচিত্র একটি প্রতিবেদন প্রকাশিত হয়। পরের দিন ২২ জানুয়ারি ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট খান মো. নাজমুস শোয়েবের নেতৃত্বে ৩৩ নম্বর সড়কের মাজেদ সরদার লেনে এই উচ্ছেদ অভিযান পরিচালনা করা হয়। ওই সময় বাংলাবাজার বালিকা উচ্চ বিদ্যালয়ের সামনের রাস্তার দা-বঁটির দোকানসহ অন্যান্য অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়।

বাংলাবাজার স্কুলের ছাত্রী লতিফা আকন্দ গতকাল সমকালের সঙ্গে আলাপে বলে, স্কুলে আসা-যাওয়ার পথে ধারালো ওইসব দা-

পৃ. ১৩ : ক. ৮ ● ছবি : পৃষ্ঠা-৩

## উচ্ছেদ হয়েছে

[প্রথম পৃষ্ঠার পর]

বঁটি দেখলেই গা শিউরে উঠত। এ ছাড়া ঘিঞ্জি থাকায় সহজে যাতায়াত করা সম্ভব হতো না। এখন সহজেই স্কুলে যেতে পারছি। প্রয়োজনে প্রবেশপথের বাইরে বসতেও পারি। আরেক শিক্ষার্থী জুবায়দা ইয়াসমিনও জানায় এই স্বস্তির কথা। তবে ওই স্কুলের শিক্ষক মো. রফিকুল ইসলাম বলেন, 'দীর্ঘদিন ধরেই ঐতিহ্যবাহী এই বিদ্যালয়ের সামনের রাস্তা দখল করে দোকানপাট চলেছে। কর্তৃপক্ষ বিভিন্ন সময় পদক্ষেপ নিলেও তা কার্যকর হয়নি। এবার উচ্ছেদ হওয়ায় আমরা খুশি। তবে তা কয়দিন টিকে থাকবে, এটাই দেখার বিষয়।'

সমকালে প্রতিবেদন প্রকাশের পর বাংলাবাজার স্কুলের সামনের অবৈধ দোকান উচ্ছেদ হলেও জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে পুরান ঢাকার কবি নজরুল সরকারি কলেজ, শহীদ সোহরাওয়ার্দী কলেজ, ঢাকা মহানগর মহিলা কলেজ, ঢাকা কলেজিয়েট স্কুল, হিড ইন্টারন্যাশনাল স্কুল, ঢাকা গভর্নমেন্ট মুসলিম হাই স্কুল, সেন্ট গ্রেগরিজ স্কুল, সেন্ট ফ্রান্সিস স্কুল, দোলাইরপাড় উচ্চ বিদ্যালয়, কে এল জুবিলি স্কুল, হাজি মাজহারুল হক উচ্চ বিদ্যালয়, সুরিটোলা উচ্চ বিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সামনের অংশ এখনও দখলমুক্ত করা হয়নি। এ ছাড়া বাহাদুর শাহ পার্ক থেকে সদরঘাট পর্যন্ত যানজট সৃষ্টির অন্যতম কারণ লেগুনাস্ট্যান্ড (বাহাদুর শাহ পরিবহন), যা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় প্রধান ফটকের সামনে গড়ে তোলা হয়েছে ছাত্রলীগ নেতাদের ছত্রছায়ায়, তা বহাল তবিয়তেই পরিচালিত হচ্ছে।

গতকাল মঙ্গলবার সরজমিনে গিয়ে দেখা যায়, বাংলাবাজার বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রবেশপথে দা-বঁটির দোকান না থাকলেও রাস্তায় পাশে নির্মাণাধীন ভবনের বালু রাখা হয়েছে। পার্শ্ববর্তী ঢাকা কলেজিয়েট স্কুলের প্রধান ফটকে ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বন্ধ দ্বিতীয় প্রধান ফটকের সামনে সারিবদ্ধভাবে দাঁড় করিয়ে রাখা হয়েছে বাহাদুর শাহ পরিবহনের গোটা দশেক লেগুনা। ঢাকা মহানগর মহিলা কলেজে যাওয়ার পথে ফুটপাত দখল করে হকাররা সাজিয়ে রেখেছে মেয়েদের পোশাক। এ রকম অসংখ্য দোকানপাট থাকায় জজকোর্ট থেকে জগন্নাথ বিশ্ববিদ্যালয় হয়ে সদরঘাট যাওয়ার রাস্তায় যানজট লেগেই থাকে। ফলে ফুটপাত দিয়ে যাতায়াতকারী পথচারীসহ শিক্ষার্থীদের চরম ভোগান্তি পোহাতে হয়।

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) প্রধান সম্পত্তি কর্মকর্তা কামরুল ইসলাম চৌধুরী অবশ্য জানালেন, অবৈধ দখলদার উচ্ছেদ একটি ধারাবাহিক কার্যক্রম। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার সঙ্গে আলোচনা করে ধারাবাহিকভাবে পুরান ঢাকার বিভিন্ন অঞ্চলে উচ্ছেদ অভিযান চালানো হবে।